

সামাজিক উন্নয়ন স্থায়িত্বশীল করতে মানবাধিকার বাস্তবায়নের তাগিদ

আমরা সবাই মানুষঃ সবার সমান অধিকার

কক্সবাজার ১০ ডিসেম্বর ২০২১ঃ পরিবার, সমাজ এবং জাতীয় পর্যায়ে উন্নয়নকে স্থায়িত্বশীল করতে সকল পর্যায়ে, সকলের জন্য মানবাধিকার বাস্তবায়ন জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন র্যালি ও মানবন্ধনে অংশগ্রহণকারী নেতৃবৃন্দ। আজ ১০ ডিসেম্বর ২০২১ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে কক্সবাজার সিভিল সোসাইটি এনজিও ফোরাম কর্তৃক আয়োজিত র্যালি ও মানবন্ধন অনুষ্ঠানে তারা এসব কথা বলেন। “আমরা সবাই মানুষঃ সবার সমান অধিকার” শীর্ষক এই র্যালি ও মানবন্ধনটি অনুষ্ঠিত হয় কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে। উক্ত র্যালি ও মানবন্ধন পরিচালনা করেন জাহাঙ্গীর আলম, সদস্য সচিব, সিসিএনএফ ও সহকারী পরিচালক, কোস্ট ফাউন্ডেশন এবং সভাপতিত্ব করেন বিমল চন্দ্র দে সরকার, কো-চেয়ার, সিসিএনএফ ও প্রধান নির্বাহী, মুক্তি কক্সবাজার। উক্ত র্যালি ও মানবন্ধনে উপস্থিত ছিলেন, ইপসা 'র সমন্বয়কারী আবিদুর রহমান, জিলা উপকূলীয় উন্নয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল আমিন সিদ্দিক, এসবিএসকেএস এর কক্সবাজার ফোকাল মোহাম্মদ বিন আব্দুল্লাহ ম্যাক্স, অনলাইন প্রেস ক্লাবের সভাপতি নেজাম উদ্দিন, ইএইচআরডিএফ এর প্রধান নির্বাহী মোহাম্মদ ইলিয়াস মিয়া এবং বিশিষ্ট ব্যাংকার রফিকুল মোস্তফাসহ সিসিএনএফ এর অন্যান্য সদস্যবৃন্দ।

সভাপতির বক্তব্যে বিমল চন্দ্র দে সরকার বলেন, একজন মানুষ তার জন্ম থেকে কিছু অধিকার পেয়ে থাকেন আর সেগুলোই হলো মানবাধিকার। আন্তর্জাতিক মানবাধিকারের ঘোষণা পত্রে ৩০টি ধারার কথা বলা হয়েছে এবং আমাদের সংবিধানে ১৮ টি মৌলিক অধিকারের কথা বলা আছে। বিশ্বের বিভিন্নদেশে বিভিন্ন ভাবে এই অধিকারগুলো লুপ্ত হচ্ছে। জাতিসংঘের সংস্থা গুলো পৃথিবীতে মানবাধিকার নিশ্চিত করার জন্য কাজ করে যাচ্ছেন। আমাদের সকলেরই মানবাধিকার রক্ষায় কাজ করে যেতে হবে। আমাদের অবশ্যই খেয়াল রাখতে হবে কারো দ্বারা কারো মানবাধিকার যেন লংঘিত না হয়।

আবিদুর রহমান বলেন, আমাদের সবার নিজ নিজ জায়গা থেকে মানবাধিকার রক্ষায় কাজ করে যেতে হবে। আমরা সবাই কোন না কোন ভাবে মানবাধিকার কর্মী। মানবাধিকারের ধারাগুলো আমাদের পড়া এবং জানা উচিত এতে করে আমরা মানবাধিকার বিষয়ে সম্পূর্ণ ধারণা পাবো এবং মানবাধিকার নিশ্চিত করণে সবাই একসাথে কাজ করতে পারবো।

নুরুল আমিন সিদ্দিক বলেন, পৃথিবীর সকল মানুষের অধিকার সমান এবং সুতরাং একে অন্যের অধিকার নিশ্চিত করতে কাজ করে যেতে হবে।

নেজাম উদ্দিন বলেন, মানবাধিকার বিষয়ে সকলেরই জানা উচিত মানবিক গুণে গুনাহিত হওয়া উচিত। তিনি মানবাধিকার বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতা মূলক সেশন পরিচালনার প্রতি গুরুত্ব আরোপ করেন।

রফিকুল মোস্তফা তার বক্তব্যে বলেন, মানবাধিকার চর্চা পরিবার থেকেই শুরু করা উচিত। ছোটবেলা থেকেই শিশুদেরকে মানবিক মূল্যবোধ সম্পর্কে ধারণা দিতে হবে।

বার্তা প্রেরক

জাহাঙ্গীর আলম

সদস্য সচিব- সিসিএনএফ ও সহকারী পরিচালক- কোস্ট ফাউন্ডেশন।

মোবাইল- ০১৭১৩৩২৮৮২৭